গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

স্মারক নং-৪৪.০৪.০০০০.০২৭.০২.০৬৫.২৫-১২৭৪

তারিখ: ০৩ পৌষ ১৪৩২
১৮ ডিসেম্বর ২০২৫

বিষয় : **কারাগারে আটক বন্দিদের চলাচল সংক্রান্ত শৃঙ্খলা নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে, কারাগারে আটক কিছু বন্দি নির্ধারিত সময় ব্যতীত কারাভ্যন্তরে অবাধে চলাচল করছে, যা কারা শৃঙ্খলা, নিরাপত্তা এবং বিদ্যমান কারা বিধিমালার পরিপন্থী। কারাগারের সার্বিক শৃঙ্খলা, নিরাপত্তা ও সুশাসন বজায় রাখার স্বার্থে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ কঠোরভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হলো:

ক. কারাগারে আটক বন্দিরা কারা বিধি মোতাবেক নির্ধারিত সময়সূচি অনুযায়ী ওয়ার্ড ও সেল এলাকার বাহিরে চলাচল করতে পারবে;

খ. নির্ধারিত সময় ব্যতীত কোন বন্দিকে কারাভ্যন্তরে অবাধে ঘুরে বেড়াতে দেওয়া যাবে না;

গ. সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত সর্বপ্রধান কারারক্ষী, প্রধান করারক্ষী, সহকারী প্রধান কারারক্ষী ও কারারক্ষীদের এ বিষয়ে নিয়মিত তদারকি ও নজরদারি নিশ্চিত করতে হবে;

ঘ. নির্দেশনা অমান্যকারীদের বিরুদ্ধে কারা বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৮/১২/২০২৫
মোঃ জাহাঙ্গীর কবির
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক।
☎- ০১৭৬৯-৯৭০০০৩ (দপ্তর)

সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)** :

১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ।
২। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৩। উপ সহকারী কারা মহাপরিদর্শক, অপারেশন শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পিআইইউ/আইসিটি সেল (ওয়েব সাইটে প্রকাশের জন্য), কারা অধিদপ্তর, ঢাকা।
৫। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক (প্রশাসন ও অর্থ/অপারেশন ও প্রশিক্ষণ/বন্দি ব্যবস্থাপনা)/কারা উপ-মহাপরিদর্শক এর সদয় অবগতির জন্য।